

প্রথমা বিভক্তি

সূত্র -সম্বোধনে চ ২।৩।৪৭

পদচ্ছেদ- সম্বোধনে ৭/১ চ অব্যয়

অনুবৃত্তি - 'প্রাতিপদিকাথলিঙ্গপরিমাণবচনমাত্রে প্রথমা'(২/৩/৪৬) সূত্র থেকে প্রথমা শব্দ

সূত্রের প্রকৃতি- বিধিসূত্র

সূত্রের অর্থ - সম্বোধনাধিক্য বিবক্ষিত হলে অর্থাৎ প্রাতিপদিকার্থ থেকে অতিরিক্ত সম্বোধনরূপ অর্থ বিবক্ষিত হলেও প্রথমা বিভক্তি হয়।

দীক্ষিত - ইহ প্রথমা স্যাৎ। হে রাম। ইতি প্রথমা বিভক্তিঃ।

ব্যাখ্যা - পূর্ববর্তী 'প্রাতিপদিকাথলিঙ্গপরিমাণবচনমাত্রে প্রথমা ২।৩।৪৬' সূত্রে 'মাত্র' শব্দের প্রয়োগ বিষয়ে আলোচনা করা হয়েছে। 'প্রাতিপদিকাথলিঙ্গপরিমাণবচনমাত্রে প্রথমা' সূত্রানুসারে কেবল প্রাতিপদিকার্থে প্রথমা হয় এবং আলোচ্যসূত্রে উক্ত প্রাতিপদিকার্থের অতিরিক্ত সম্বোধনরূপ অর্থে 'প্রথমা বিভক্তি' হয়। সম্বোধন বলতে বোঝায় অভিমুখীকরণ অর্থাৎ নিজের দিকে শ্রোতার দৃষ্টি আকর্ষণ করে তাকে কিছু বলা। উদাহরণ যথা হে রাম। 'হে রাম' এরকম বললে শুধুমাত্র রাম ব্যক্তির বোধ হয় না, সম্বোধিত রাম ব্যক্তির জ্ঞান ও হয়। তাই প্রাতিপদিকার্থ রাম ব্যক্তির অধিক সম্বোধন রূপ অর্থের প্রতীতি হয় বলে 'প্রাতিপদিকাথলিঙ্গপরিমাণবচনমাত্রে প্রথমা' দ্বারা প্রথমা বিভক্তির প্রাপ্তি ছিল না। তাই আলোচ্য সূত্রের উদ্ভব।

'হে রাম' এখানে 'হে' এই অব্যয় পদটি সম্বোধন অর্থের দ্যোতক রূপে এখানে ব্যবহৃত হয়েছে। 'হে' পদের প্রয়োগ না হলেও সম্বোধিত অর্থের প্রতীতি হয় কিন্তু অধিক স্পষ্টতার জন্য উদাহরণ বাক্যে 'হে' পদের প্রয়োগ হয়েছে। উদাহরণ বাক্যে শুধুমাত্র 'হে রাম' লিখিত হলেও আরো কিছু শব্দাবলীর উল্লেখ প্রয়োজনীয় কারণ সম্বোধনের দ্বারা কিছু বলাই অভিপ্রেত। তাই এই উদাহরণ বাক্যে 'মাং পাহি' অর্থাৎ আমাকে রক্ষা কর এই অংশের অধ্যাহার করতে হবে।

প্রথমা বিভক্তির কয়েকটি উদাহরণ

- উক্তেকত্তরি প্রথমা - অমিতঃ মহাবিদ্যালয়ং গচ্ছতি।
- উক্তেকমণি প্রথমা- গ্রামঃ গম্যতে।
- উক্তে করণে প্রথমা - স্নানীয়ং চূর্ণম্।
- উক্তে সম্প্রদানে প্রথমা- দানীয়ঃ বিপ্রঃ।
- উক্তে অপাদানে প্রথমা - পতিতঃ বৃক্ষঃ।
- উক্তে অধিকরণে প্রথমা - বহুদণ্ডিকা নগরী।
- প্রাতিপদিকার্থমাত্রে প্রথমা - উচ্চৈঃ, নীচৈঃ, কৃষ্ণঃ, শ্রীঃ, জ্ঞানম্।
- লিঙ্গমাত্রাধিক্যে প্রথমা- তটঃ, তটী, তটম্।
- পরিমাণমাত্রাধিক্যে প্রথমা- দ্রোণো ব্রীহিঃ।
- বচনমাত্রে প্রথমা - একঃ, দ্বৌ, বহবঃ।
- সম্বোধনে প্রথমা- হে রাম! মাং পাহি।

পংক্তি ব্যাখ্যা

পরিমাণমাত্রে দ্রোণো ব্রীহিঃ। দ্রোণরূপং যৎপরিমাণং তৎপরিচ্ছিন্নং ব্রীহিরিত্যর্থঃ।

ননু ‘প্রাতিপদিকার্থেসূত্রে’ পরিমাণগ্রহণাভাবেহপি পরিমাণার্থকে দ্রোণাদিশব্দে নিয়তোপস্থিতিকত্বাৎ প্রাতিপদিকার্থত্বেনৈব প্রথমাসিন্দৌ পরিমাণগ্রহণং ব্যর্থমিতি চেৎ ? ন। নামার্থয়োঃ অভেদসম্বন্ধস্যৈব ব্যুৎপন্নত্বাৎ ইতি নিয়মবশাৎ দ্রোণো ব্রীহিরিত্যত্র দ্রোণশব্দোত্তরবিভক্তেঃ প্রাতিপদিকার্থমাত্রে বিধানেন প্রাতিপদিকার্থত্বাৎ প্রত্যয়ার্থস্য চাভেদেন সংসর্গেণ ব্রীহৌ অন্বয়াৎ দ্রোণাভিন্ন ব্রীহিরিত্যনিষ্টবোধপ্রসঙ্গঃ স্যাৎ। অতঃ সূত্রে পরিমাণগ্রহণং কৃতম্ পরিমাণেত্যাদি। ‘পরিমাণমাত্রে’ অর্থাৎ পরিমাণমাত্রাধিক্যে ইতস্যোদাহরণং ‘দ্রোণো ব্রীহি’ ইত্যত্র ‘দ্রোণঃ’ ইতি। অত্র দ্রোণপদাৎ দ্রোণত্বদ্রোণপুংস্ত্বার্থানাং নিয়মেনোপস্থিত্যা প্রতিপদিকার্থত্বৈহপি পরিমাণত্বেন পরিমাণস্য নিয়মেনানুপস্থিতেঃ প্রাতিপদিকার্থত্বাহ্ভাবেন পরিমাণরূপেহর্থে পরিমাণগ্রহণেন প্রথমা। তথা চ দ্রোণপদেন দ্রোণত্বাবচ্ছিন্নদ্রোণস্যোপস্থিত্যা তস্য সুপ্রত্যয়ার্থপরিমাণার্থেণ ‘সামান্যবিশেষয়োরভেদান্বয়ঃ’ ইতি ব্যুৎপত্ত্যা অভেদান্বয়ে সুপ্রত্যয়ার্থপরিমাণস্য ব্রীহিপদেনোপস্থিতব্রীহ্যর্থো ইত্যাদাবিব আকাঙ্ক্ষামাত্রস্য পরিচ্ছেদ্যপরিচ্ছেদকভাবসম্বন্ধেনান্বয়ঃ ইতি ‘দ্রোণরূপং যৎ পরিমাণং তৎপরিচ্ছিন্নো ব্রীহিরিত্যর্থঃ’ সম্পাদ্যতো এবঞ্চ দ্রোণাদিশব্দো যদা পরিমেয়বাচী তদা ব্রীহ্যাদিনা পরিচ্ছেদ্যপরিচ্ছেদকভাবেন সমানাধিকরণঃ স্যাৎ। যথা দ্রোণো ব্রীহিরিত্যাদৌ। যদা তু পরিমাণবাচী পাত্রবিশেষস্তদা ব্রীহেঃ দ্রোণ ইত্যাদৌ সম্বন্ধে ষষ্ঠীতি সম্প্রদায়ঃ। তস্মাৎ ‘দ্রোণো ব্রীহি’ ইত্যুক্তে দ্রোণরূপপরিমাণবিশেষাভ্রকং যৎ সামান্যপরিমাণং তেন পরিমিতঃ ব্রীহিরিত্যর্থঃ সম্পাদ্যতে।